বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৯-২০২০/৩৪২ তারিখঃ ০৮-০৯-২০১৯

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক ও আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ তফসিলি ব্যাংকগুলোর শাখাসমুহ কর্তৃক ছেঁড়া-ফাটা, ময়লাযুক্ত নোট গ্রহণের মাসিক বিবরণী প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) হতে ২৫ আগষ্ট, ২০১৯ তারিখে জারীকৃত ডিসিএমঃইহিশাঃ২৩(পলিসি-তফসিলি)/২০১৯-৩৩৬২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের ডিসিএম পরিপত্র নং-ইহিশাঃ২৩(পলিসি)২০১৩-২০১৫ তারিখ ১৪-০১-২০১৩, ডিসিএম পরিপত্র নং-০৮ তারিখ ০৭-০৯-২০১৫ এর নির্দেশনা মোতাবেক ছেঁড়া-ফাটা/ময়লাযুক্ত নোট গ্রহন এবং বিনিময়মূল্য প্রদান করার জন্য অত্র বিভাগ হতে বিভিন্ন সময় পত্র জারী করা হয়েছে পত্র নং-১২৫১, ৯৮৪ ও ১৬৭৯ তারিখ যথাক্রমে ১১-০৪-২০১৭, ১২-১২-২০১৮ ও ০৯-০৫-২০১৯ মূলে নির্দেশনা দেয়া সত্বেও শাখাসমুহ কর্তৃক জনসাধারনের নিকট হতে ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোট গ্রহন করতে বিভিন্ন অজুহাত দেখিয়ে তা গ্রহন করেন না, যা বাংলাদেশ ব্যাংকের নোট রিফান্ড রেগুলেশন, ২০১২ এর ৮ ও ৯ বর্ণিত প্রদত্ত নির্দেশনার সুস্পষ্ট লঙ্ঘন । ছেঁড়া-ফাটা/ময়লাযুক্ত নোট ব্যাংক শাখা কেন গ্রহন করেন না তার কারণ উক্ত পত্র প্রাপ্তির ১০ কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেছেন।

০৩। উল্লেখ্য বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট বিভাগ হতে বিভিন্ন সময়ে সাধারন গ্রাহক পরিচয়ে বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন শাখায় ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোট পরিবর্তন করতে গেলে তা পরিবর্তন না করে অসদাচারন করেন।

০৪। এমতাবস্থায়, জনসাধারনের স্বাভাবিক ও সুষ্ঠ লেনদেন অব্যাহত রাখার স্বার্থে তাঁদের নিকট হতে ব্যাংক বিধি মোতাবেক ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোট গ্রহন করে বিনিময়মুল্য প্রদান করতে হবে এবং যে সকল ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোট ব্যাংক শাখায় সংরক্ষণ আছে সেগুলো ব্যাংক শাখায় সংরক্ষণ না করে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে প্রতি মাসে ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোট বাংলাদেশ ব্যাংক থেকে পরিবর্তন করে মাসিক প্রতিবেদন পাঠানোর জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হলো। একই সাথে উক্ত নির্দেশনা পরিপালন সংক্রান্ত জবাব পত্র প্রাপ্তির ০৩(তিন)টি কার্যদিবসের মধ্যে বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে অত্র বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫। উপরোক্ত নির্দেশনা শাখাসমুহ কর্তৃক যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কিনা/না হয়ে থাকলে সংশ্লিষ্ট শাখাসমুহকে জবাবদিহিতার আওতায় এনে বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণকে নির্দেশনা পরিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

সংযুক্তি ০১(এক) পাতা।

০৮/০৯/২০১৯

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
তারিখঃ ০৮-০৯-২০১৯

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৯-২০২০/৩৪২
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক, ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ।
০৮। নথি/মহানথি।

০৮/০৯/১৯

(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

সূত্র নং: ডিসিএম:ইহিশা:২৩(পলিসি-তফসিলি)/২০১৯-৩৩৬২ ২৫ আগস্ট, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৮৭১ তারিখ ০২.০৯.১৯
ডিএমডি
জিএম
ডিজিএম
ব্যবস্থাপনা পরিচালক

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৪, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

**তফসিলি ব্যাংকগুলোর শাখাসমূহ কর্তৃক ছেঁড়া-ফাটা, ময়লাযুক্ত নোট গ্রহণের মাসিক বিবরণী প্রসঙ্গে।**

অত্র বিভাগের ২২/০৮/২০০৫ তারিখের পত্র নং-ইহিশাঃ ২৩(পলিসি)/২০০৫-৩৪৫, ১১/০১/২০১৭ তারিখের পত্র নং-ইহিশাঃ ২৩(পলিসি)/২০১৭-১৩৬, ২৪/০৬/২০১৮ তারিখের পত্র নং- ২৩(পলিসি-তফসিলি)/২০১৮-২২৭৮, ২২/০১/২০১৯ তারিখের পত্র নং ইহিশা:২৩ (পলিসি-তপসিলি)/২০১৯-৩৬৩ এবং বাংলাদেশ ব্যাংক নোট রিফান্ড রেগুলেশন, ২০১২ এর ৮ ও ৯ অনুচ্ছেদে বর্ণিত প্রদত্ত নির্দেশনার এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

(ক) ৩১/০৩/২০১৯ তারিখ ভিত্তিক ছেঁড়া-ফাটা, ময়লাযুক্ত নোট গ্রহণের তথ্যের মাসিক বিবরণী মোতাবেক আপনাদের ব্যাংকের যে সব শাখা কোনরূপ ছেঁড়া ফাটা নোট (সংযুক্তি-১ মোতাবেক) ও দাবীযোগ্য নোট (সকল শাখা) গ্রহণ করেনি সে সব শাখা ডিসিএম পরিপত্র নং-ইহিশা:২৩(পলিসি)/২০১৩-২০১৫ তারিখ: ১৪/০১/২০১৩, ডিসিএম পরিপত্র নং-০৮ তারিখ: ০৭/০৯/২০১৫ এবং বাংলাদেশ ব্যাংক নোট রিফান্ড রেগুলেশন, ২০১২ এর ৮ ও ৯ অনুচ্ছেদে বর্ণিত প্রদত্ত নির্দেশনার সুস্পষ্ট লঙ্ঘন করার কারণ অত্র বিভাগে পত্র প্রাপ্তির ১০ কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা করতে হবে; এবং

(খ) ব্যাংকের শাখাসমূহে প্রাপ্ত দাবীযোগ্য নোটগুলো সংশ্লিষ্ট শাখায় সংরক্ষণ না করে অনতিবিলম্বে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

(হাসান তারেক খাঁন)
যুগ্ম পরিচালক
ফোন ঃ +৮৮-০২-৫৫৬৬৫০০১-২০/২০৮৭২
মোবাইলঃ ০১৯১১-৩৬৬৯১৪
ই-মেইলঃ hasan.khan@bb.org.bd